

## জরুরি বিজ্ঞপ্তি

শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের ১১তম থেকে ২০তম গ্রেড পর্যন্ত জনবল নিয়োগের লক্ষ্যে লিখিত পরীক্ষা গত ২৯/১০/২০২১, ০৫/১১/২০২১, ১২/১১/২০২১, ১৯/১১/২০২১, ২৬/১১/২০২১ ও ০৩/১২/২০২১ তারিখ অনুষ্ঠিত হয়েছে। লিখিত পরীক্ষা শেষে ফলাফল প্রস্তুতকরণ এর কার্যক্রম চলমান রয়েছে এবং আশা করা যায়, স্বল্প সময়ের মধ্যে পরীক্ষার ফলাফল প্রকাশ করা হবে।

২.০ শিক্ষা প্রকৌশল অধিদপ্তর কর্তৃক লিখিত পরীক্ষার কোন ফলাফল এখনো প্রকাশ করা না হলেও কিছু অসাধু চক্র ফলাফলের ক্ষুদে বার্তা (SMS) দিচ্ছে এবং প্রার্থীদেরকে তাদের সাথে যোগাযোগ করার জন্য প্রলুব্ধ করছে মর্মে অভিযোগ পাওয়া যাচ্ছে। এ বিষয়ে বিশেষ সতর্ক থাকার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

৩.০ প্রার্থীদের জানানো যাচ্ছে যে, বর্ণিত পরীক্ষার ফলাফল এ অধিদপ্তরের ওয়েবসাইট ([www.eedmoe.gov.bd](http://www.eedmoe.gov.bd)), পত্রিকায় এবং শুধুমাত্র টেলিটক বাংলাদেশ লিমিটেড এর ক্ষুদে বার্তার (SMS) মাধ্যমে জানানো হবে।

৪.০ শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের নিয়োগ কার্যক্রম অত্যন্ত স্বচ্ছতার সাথে সম্পন্ন হচ্ছে। এখানে কোন অসাধু উদ্দেশ্য পরিপূরণের সুযোগ নেই। তাই, ফলাফল প্রদান বা নিয়োগ সংক্রান্ত কোন কার্যক্রমে সকল অসাধু চক্রের কার্যক্রম থেকে সতর্ক থাকার জন্য সকল প্রার্থী এবং সংশ্লিষ্ট ব্যক্তিবর্গকে অনুরোধ করা হলো।

স্বাঃ

(মো: রাহেদ হোসেন)  
পরিচালক (প্রশাসন ও অর্থ)  
ও  
সভাপতি  
বিভাগীয় নির্বাচন/পদোন্নতি কমিটি

স্মারক নং:- ৩৭.০৭.০০০০.০০৮.১১.২২৫.২০-৬৮০

তারিখ: ০৭/১২/২০২১ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। সহকারী প্রোগ্রামার, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
- ০২। জেনারেল ম্যানেজার (মার্কেটিং এন্ড ভাস), টেলিটক বাংলাদেশ লিমিটেড, গুলশান-১, ঢাকা;
- ০৩। প্রধান প্রকৌশলী মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা;
- ০৪। ..... (সংশ্লিষ্ট সকল);
- ০৫। অফিস কপি।

৭/১২/২১

(আসাদুজ্জামান)  
উপপরিচালক (প্রশাসন)  
ফোন: ২২৩৩৫৫৭৭৬৯  
মোবাইল: ০১৩১৩-০৩৩৪৪৪  
[dd\\_ad@eedmoe.gov.bd](mailto:dd_ad@eedmoe.gov.bd)